“মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

মুজিব শতবর্ষ 100

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০- ৪৪৫

তারিখ: ১৬ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ
০২ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

## বিজ্ঞপ্তি

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় সারাবিশ্বে হোম কোয়ারেন্টাইন (নিজ গৃহে সার্বক্ষণিক অবস্থান) একমাত্র কার্যকর উপায় হিসাবে ব্যবহার করা হচ্ছে। দেশে প্রত্যাগত প্রবাসী বাংলাদেশীদের মাধ্যমে বাংলাদেশে এই ভাইরাস সংক্রমণের উচ্চ ঝুঁকি রয়েছে। এমতাবস্থায়, বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা অতীব জরুরী।

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় জাতীয়, বিভাগীয়, সিটি কর্পোরেশন এলাকায়, পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ পর্যায়ে কমিটি গঠিত হয়েছে। হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কমিটি প্রযোজ্য ক্ষেত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করবেনঃ

১. হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিবর্গ ১৪ (চৌদ্দ) দিন ঘরের বাইরে বের হবেন না এবং নিজ বাড়ির নির্ধারিত একটি কক্ষে অবস্থান করবেন;

২. পরিবারের অন্যান্য সদস্য দেশে প্রত্যাগত সদস্যের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করবেন;

৩. গঠিত কমিটিসমূহ সম্প্রতি বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের বাড়ী চিহ্নিত করবেন এবং তাদের গৃহে সার্বক্ষণিক অবস্থানের বিষয়ে তদারকি করবেন;

৪. গঠিত কমিটিসমূহ হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারী, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ (যেমন: পৌর মেয়র, পৌর কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বার, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, স্বাস্থ্য সহকারী, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, পরিবার কল্যাণ সহকারী, পরিবারকল্যাণ পরিদর্শিকা, গ্রাম পুলিশ, স্থানীয় সাংবাদিক) বিদেশ প্রত্যাগত ব্যক্তি সম্পর্কে অবহিত করে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে প্রয়োজন অনুযায়ী সম্পৃক্ত করতে হবে;

৫. কোয়ারেন্টাইনকৃত ব্যক্তির আত্মীয়-সজন, বন্ধু-বান্ধব উক্ত ব্যক্তির সংস্পর্শে আসতে পারবেন না;

৬. যদি কোয়ারেন্টাইনকৃত ব্যক্তি উপর্যুক্ত নিয়ম ভঙ্গ করেন, তবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য কর্মকর্তা এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সহায়তা গ্রহণ করবেন;

৭. প্রয়োজনে ৩নং ক্রমিকে বর্ণিত ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা চেয়ারম্যান, সিভিল সার্জন, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অবহিত করবেন;

৮. হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিগণ অসুস্থ হলে স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং প্রয়োজনে স্থানীয় সিভিল সার্জন, হাসপাতালের তত্ত্বাবধায়ক ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন। তারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৯. কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিগণ যদি নিয়ম ভঙ্গ করেন তাহলে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত আইনে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ ব্যবস্থা গ্রহণ করবেন;

১০. প্রতিদিন এ বিষয়ে জেলা ভিত্তিক একটি প্রতিবেদন তৈরিপূর্বক সংশ্লিষ্ট সিভিল সার্জন নিয়ন্ত্রণ কক্ষ স্বাস্থ্য অধিদপ্তরের ই-মেইল **controlroomdghs@yahoo.com** ও মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ই-মেইল **hsdcontrolroom@gmail.com** এ প্রেরণ করবেন।

১৬.৩.২০২০
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং- স্বাঃ অধিঃ/সিবিএইচসি/প্রশাঃ/বিবিধ-২২/২০২০/৫৩৩/১(১০) তারিখঃ ১৬/০৩/২০২০ ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
৩. পরিচালক, আই.ই.ডি.সি.আর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. পরিচালক (স্বাস্থ্য)................................... (সকল বিভাগ)।
৬. উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি...................................... (সকল বিভাগ)।
৭. সিভিল সার্জন,..................................(সকল জেলা)।
৮. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৯. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,..................................... (সকল উপজেলা)।
১০. অফিস কপি।

১৬/০৩/২০২০

(ডাঃ মাসুদ রেজা কবীর)
সহকারী পরিচালক ও পি এম (প্রশাসন ও অর্থ)
লাইন ডাইরেক্টরের পক্ষে
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা
ফোন- ৯৮৮০৭৪৫ ও ফ্যাক্স- ৯৮৪২৯০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
মাদারীপুর ।

**মুজিব বর্ষে স্বাস্থ্য খাত**
**এগিয়ে যাবে অনেক ধাপ**

স্মারক নং- সি.এস.মাদা/প্রশাসন/২০২০/২৮২৮(১০) তারিখঃ ১৬-০৩-২০২০ইং।

পত্রের মর্মানুযায়ী অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, মাদারীপুর।
২। পুলিশ সুপার, মাদারীপুর।
৩। মেয়র, মাদারীপুর পৌরসভা, মাদারীপুর/শিবচর পৌরসভা, মাদারীপুর।
৪। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, মাদারীপুর।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/কালকিনি/রাজৈর/শিবচর, মাদারীপুর। উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা-কর্মচারী, সুষীল সমাাজের প্রতিনিধিবৃন্দ( যেমনঃ পৌরসভার মেয়র, পৌরকাউন্সিলর, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বর, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, স্বাস্থ্য সহকারী, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, পরিবার কল্যাণ সহকারী, পরিবার কল্যাণ পরিদর্শিকা, গ্রাম পুলিশ, স্থানীয় সাংবাদিক) বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের সম্পর্কে অবহিত করে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার নিমিত্তে পত্রটির অনুলিপি প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস নথি।

১৬/৩/২০২০

(ডাঃ মোঃ সফিকুল ইসলাম)
কোড নং-৪১৮১৪
সিভিল সার্জন, মাদারীপুর।